গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭৮/২০১৯-২০২০
ঢাকা ১ মার্চ রোববার ২০২০, ১৭ ফাল্গুন ১৪২৬

১। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক থেকে শিশু কিশোরদের দূরে রাখতে
খেলাধুলা ও সংস্কৃতি চর্চার ওপর জোর দিতে হবে
২। আজ জাতীয় বিমা দিবস : বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দিবসটির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৩। কলকাতায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শেখ রেহানা ও সায়মা হোসেনের শ্রদ্ধা নিবেদন
৪। চীনে করোনাভাইরাস সংক্রমণে পদ্মাসেতুর কাজ বন্ধ হবে না : সেতুমন্ত্রী
৫। দিল্লির সহিংসতায় বাংলাদেশে প্রভাব পড়বে না : দর্শনা থানা উদ্বোধনকালে স্বরাষ্ট্রমন্ত্রী
৬। উন্নত রাষ্ট্র গড়তে চাই উন্নত নতুন প্রজন্ম : রাঙ্গুনিয়ায় তথ্যমন্ত্রী
৭। সামাজিক সচেতনতা ছাড়া যৌতুকের অভিশাপ থেকে মুক্তি মিলবে না : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
৮। অল্প সময়ের মধ্যেই বিশ্ব অর্থনীতিতে অবস্থান তৈরি করতে পারবে বাংলাদেশ :
নারায়ণগঞ্জে নবনির্মিত শিল্পপ্রতিষ্ঠন উদ্বোধনকালে অর্থমন্ত্রীর আশাবাদ
৯। বঙ্গবন্ধুর আদর্শ নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দিতে হবে :
কুমিল্লায় মুজিববর্ষ ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণকালে অর্থমন্ত্রী
১০। শিক্ষার্থীদের মুজিব আদর্শে গড়ে উঠতে হবে : বগুড়ায় শিক্ষামন্ত্রী
১১। বিমানবন্দরের পরিবেশ উন্নয়নে পদক্ষেপ নেয়া হবে : প্যারিসে পররাষ্ট্রমন্ত্রী
১২। সরকারি তালিকাভুক্ত হতে রাতারাতি গড়ে ওঠা
স্কুলগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : রংপুরে গণশিক্ষা প্রতিমন্ত্রী
১৩। যুক্তরাষ্ট্রে রপ্তানি হবে দেশে তৈরি ২৬ হাজার স্মার্টফোন : পঞ্চগড়ে আইসিটি প্রতিমন্ত্রী
১৪। সাম্প্রদায়িক সম্প্রীতি একটি গণতান্ত্রিক দেশের বড় শক্তি : সাভারে ধর্ম প্রতিমন্ত্রী

১। **বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**
সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক থেকে শিশু কিশোরদের দূরে রাখতে
খেলাধুলা ও সংস্কৃতি চর্চার ওপর জোর দিতে হবে

ফুটবলকে দেশের অন্যতম জনপ্রিয় খেলা আখ্যায়িত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার দেশের ফুটবলকে আরো এগিয়ে নিয়ে যেতে চায়। প্রধানমন্ত্রী একইসঙ্গে খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় শিশুদের অধিকহারে যুক্ত রাখার মাধ্যমে সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক এবং দুর্নীতি থেকে দূরে রেখে তাদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার তাঁর অঙ্গীকার ব্যক্ত করেন। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গোল্ডকাপ ফুটবল অনূর্ধ্ব-১৭ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল অনূর্ধ্ব-১৭ এর ফাইনাল খেলা উপভোগ শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

২। **আজ জাতীয় বিমা দিবস : বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দিবসটির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ ১ মার্চ জাতীয় বিমা দিবস। দিবসটির এবারের স্লোগান হল- ‘বিমা দিবসে শপথ করি, উন্নত দেশ গড়ি’। আজ রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমা দিবসে প্রথমবারের মতো এবার পাঁচজন বিশিষ্ট বিমা ব্যক্তিত্বকে এ খাতে অবদান রাখার জন্য বিশেষ সম্মাননা দেয়া হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৩), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)।

৩। **কলকাতায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শেখ রেহানা ও সায়মা হোসেনের শ্রদ্ধা নিবেদন**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ কন্যা শেখ রেহানা এবং তাঁর দৌহিত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা হোসেন কলকাতায় জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। গত ২৮ ফেব্রুয়ারি শুক্রবার কলকাতায় বেকার হোস্টেলে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তাঁরা শ্রদ্ধা নিবেদন করেন।বঙ্গবন্ধু শেখ মুজিব ১৯৪২ সালে কলকাতার ইসলামিয়া কলেজে (বর্তমানে মাওলানা আজাদ কলেজ) অধ্যয়নকালে আবাসিক ছাত্র হিসেবে বেকার হোস্টেলের ২৪ নম্বর রুমে থাকতেন। তিনি ১৯৪৬ সালে ইসলামিয়া কলেজের ছাত্র সংসদের সাধারণ সম্পাদক নির্বাচিত হন এবং একই কলেজ থেকে বিএ ডিগ্রি অর্জন করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক৬), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

৪। **চীনে করোনাভাইরাস সংক্রমণে পদ্মাসেতুর কাজ বন্ধ হবে না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পদ্মাসেতুতে প্রায় এক হাজারের মতো চীনা কর্মী কাজ করছেন। এর মধ্যে ১৫০ জন ছুটিতে গেছেন। তারপরও পদ্মাসেতুর ২৫তম স্প্যান বসানো হয়েছে। আগামী দুই মাসের মধ্যে করোনাভাইরাস পরিস্থিতির যদি উন্নতি না হয়, যারা ছুটিতে আছেন তারা ফিরে না এলে পদ্মাসেতুর কাজে কিছুটা সমস্যার সম্মুখীন হতে হবে। কিন্তু তাতেও পদ্মাসেতু কিংবা চট্টগ্রামের কর্ণফুলী টানেলের কাজ বন্ধ হবে না জানিয়ে সেতুমন্ত্রী বলেন, যথারীতি কাজ চলবে, পদ্মাসেতুর স্প্যান বসবে। কাজ বন্ধ হবে না। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত সাংবাদিকসম্মেলনে তিনি এসব বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪)।

৫। **দিল্লির সহিংসতায় বাংলাদেশে প্রভাব পড়বে না : দর্শনা থানা উদ্বোধনকালে স্বরাষ্ট্রমন্ত্রী**

অসাম্প্রদায়িক চেতনার এ দেশে সাম্প্রদায়িকতার স্থান নেই উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, ভারতের দিল্লিতে সহিংস ঘটনা সে দেশের অভ্যন্তরীণ বিষয়। এতে বাংলাদেশের ওপর কোনো প্রভাব পড়বে না। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) চুয়াডাঙ্গার দর্শনা থানা উদ্বোধন শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। মুজিববর্ষে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আমন্ত্রণের বিষয়ে বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠনের আপত্তির বিষয়ে তিনি বলেন, বিষয়টি নিয়ে ইতোমধ্যে সেতুমন্ত্রী দলের অবস্থান পরিস্কার করেছেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জঙ্গি, সন্ত্রাস, মাদক, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত থাকবে। অপরাধের সঙ্গে জড়িত সবাইকে আইনের আওতায় আনা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **অবজারভার** (পৃ.৯,ক.৫)।

৬। **উন্নত রাষ্ট্র গড়তে চাই উন্নত নতুন প্রজন্ম : রাঙ্গুনিয়ায় তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, জীবনের পেছনে ফিরে তাকালে আমাদের শিক্ষকদের স্মরণ করতে হয়। তাদের দেওয়া শিক্ষাদীক্ষায় বহু পথ পেরিয়ে আজকের এ অবস্থানে। বিদ্যার সঙ্গে বিনয়কে যুক্ত করতে হয়। শিক্ষার সঙ্গে দীক্ষাকে যুক্ত করতে হয়। এটি না হলে সঠিক মানুষ গঠন করা সম্ভব নয়। উন্নত রাষ্ট্র গড়তে হলে উন্নত জাতি গঠন করতে হবে। উন্নত নতুন প্রজন্ম গঠন করতে হবে। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলায় এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, ২০৪১ সাল নাগাদ শুধু অবকাঠামোর দিক দিয়ে উন্নত রাষ্ট্র গঠন করতে চাই না, আমরা চাই একটি উন্নত জাতিও গঠন করতে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৭। **সামাজিক সচেতনতা ছাড়া যৌতুকের অভিশাপ থেকে মুক্তি মিলবে না : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, সরকার নারী নির্যাতন, যৌতুক, মাদক, শিশু নির্যাতনসহ সামাজিক নানা অনাচারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে। এসব সামাজিক অনাচার বন্ধে জনগণকে সচেতন হতে হবে। সামাজিক সচেতনতা ও ঘৃণাবোধ জাগ্রত করা ছাড়া এ অভিশাপ থেকে নিষ্কৃতি মিলবে না। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) চট্টগ্রাম নগরীর জমিয়তুল ফালাহ মসজিদ মাঠে যৌতুক, মাদক ও নারী নির্যাতনবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৮। **অল্প সময়ের মধ্যেই বিশ্ব অর্থনীতিতে অবস্থান তৈরি করতে পারবে বাংলাদেশ :**
নারায়ণগঞ্জে নবনির্মিত শিল্পপ্রতিষ্ঠন উদ্বোধনকালে অর্থমন্ত্রীর আশাবাদ

বর্তমান সরকার বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে উন্নীত করার জন্য কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে পৌঁছার জন্য সরকারের সঙ্গে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান জানিয়ে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, আমরা যদি একে অন্যের জন্য কাজ করি, তবে অল্প সময়ের মধ্যেই বাংলাদেশ বিশ্ব অর্থনীতিতে একটি অবস্থান তৈরি করতে পারবে। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) নারায়ণগঞ্জের সোনারগাঁয় অবস্থিত মেঘনা ইকোনমিক জোনে তিনটি, মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোনে তিনটি, আনন্দবাজারে দুটি ও মেঘনাঘাটে একটি—সব মিলিয়ে মেঘনা গ্রুপ অভ্ ইন্ডাস্ট্রিজের (এমজিআই) নবনির্মিত নয়টি শিল্প-কারখানার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এসব কথা বলেন । অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, নৌ-পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহ্মুদ চৌধুরী। সূত্র-**বণিক বার্তা** (পৃ.৬,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

৯। **বঙ্গবন্ধুর আদর্শ নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দিতে হবে :**
কুমিল্লায় মুজিববর্ষ ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণকালে অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ আগামী প্রজন্মের কাছে অনুকরণীয় আদর্শ। এ আদর্শকে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের কাছে রেখে যেতে হবে। যারা বঙ্গবন্ধুকে কাছ থেকে দেখেছেন এবং তাঁর নির্দেশে যুদ্ধ করেছেন, বঙ্গবন্ধু তাদের কাছে এক ধরনের অনুপ্রেরণা। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) কুমিল্লার লালমাই শেখ রাসেল মিনি স্টেডিয়ামে মুজিববর্ষ ভিক্টোরিয়ান্স ক্রিকেট টি-২০ টুর্নামেন্টের ফাইনালে চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের হাতে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.৩,ক.৫)।

১০। **শিক্ষার্থীদের মুজিব আদর্শে গড়ে উঠতে হবে : বগুড়ায় শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে বুকে ধারণ করে তাঁর মতোই বিনয়ী, পরোপকারী ও দেশপ্রেমিক হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) বগুড়া পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজে বঙ্গবন্ধু একাডেমিক ভবনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.২)।

১১। **বিমানবন্দরের পরিবেশ উন্নয়নে পদক্ষেপ নেয়া হবে : প্যারিসে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, সরকার বিমানবন্দরগুলোর পরিসেবা উন্নয়নে পদক্ষেপ নেবে। জমি দখলকারীদের বিচারের জন্য একটি বিশেষ ট্রাইব্যুনাল গঠন করবে। ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রবাসীদের উদ্বেগের প্রতিক্রিয়ায় তিনি এসব কথা জানান। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। পররাষ্ট্রমন্ত্রী বলেন, ঢাকা-প্যারিসের মধ্যে সরাসরি ফ্লাইট চালু করার জন্য ফরাসি কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করা হবে। এছাড়া দেশের বিমান বন্দরগুলোর পরিসেবা উন্নয়নে পদক্ষেপ নেবে সরকার। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

১২। **সরকারি তালিকাভুক্ত হতে রাতারাতি গড়ে ওঠা**
স্কুলগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : রংপুরে গণশিক্ষা প্রতিমন্ত্রী

সরকারি তালিকাভুক্ত হতে রাতারাতি গড়ে ওঠা স্কুলগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন। তিনি বলেন, বর্তমান সরকারের আমলে দেশে প্রাথমিকে ২৬ হাজার স্কুল সরকারি করা হয়েছে। আমাদের দেশের অনেকেই আছেন সুযোগ সন্ধানী, যারা এ সুযোগে রাতারাতি কিছু স্কুল গড়ে তুলে সরকারি করে নিয়েছেন। বিষয়টি খতিয়ে দেখা হবে। পাশাপাশি ২৬ বছর আগে প্রতিষ্ঠিত হয়েও সরকারি তালিকাভুক্ত হতে পারেনি কেন, সে বিষয়টিও খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) রংপুরে প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে (পিটিআই) এক কোর্সের উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

১৩। যুক্তরাষ্ট্রে রপ্তানি হবে দেশে তৈরি ২৬ হাজার স্মার্টফোন : পঞ্চগড়ে আইসিটি প্রতিমন্ত্রী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ পলক বলেছেন, ১ মার্চ আমেরিকায় রপ্তানি হবে দেশের ২৬ হাজার স্মার্টফোন। শুধু তাই নয়, এখন দেশেই তৈরি করে রপ্তানির উদ্যোগ নেওয়া হয়েছে ল্যাপটপ ও স্মার্ট টেলিভিশন। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) পঞ্চগড় সদর উপজেলার সদ্য বিলুপ্ত গাড়াতি ছিটমহলের মফিজার রহমান কলেজে 'ডিজিটাল সার্ভিস ইমপ্লয়েন্টমেন্ট অ্যান্ড ট্রেনিং সেন্টার'র ভিত্তি স্থাপন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

১৪। সাম্প্রদায়িক সম্প্রীতি একটি গণতান্ত্রিক দেশের বড় শক্তি : সাভারে ধর্ম প্রতিমন্ত্রী

সাম্প্রদায়িক সম্প্রীতি গণতান্ত্রিক দেশের একটি বড় শক্তি বলে মন্তব্য করেছেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মোহাম্মদ আব্দুল্লাহ। গতকাল (২৯ ফেব্রুয়ারি শনিবার) সাভার বিরুলিয়ার বেড়িবাঁধ এলাকায় ঢাকা বোট ক্লাব লিমিটেডের এক অনুষ্ঠানে যোগ দিয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ বলেন। ধর্ম প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশে সব ধর্মের মানুষ বর্তমান সরকারের সময় সুখে-শান্তিতে বসবাস করছে এবং যার যার ধর্ম স্বাধীনভাবে পালন করছে। সূত্র-**সমকাল** (পৃ.১০,ক.১)।

সম্পাদকীয়

ক. **যায়যায়দিন :** বিশ্বমানের ওষুধ রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ গুরুত্বপূর্ণ অবদান রাখছে উল্লেখ করে এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** প্রতিদিন গড়ে ১ হাজার ৭০০ মানুষ রাজধানীতে আসে, নগর বিশেষজ্ঞদের এ তথ্যের কথা উল্লেখ করে এ জনস্রোত ঠেকাতে গ্রামগুলোকে আধুনিক সুযোগ-সুবিধার সম্প্রসারণ, অবকাঠামোগত উন্নয়ন ও ব্যাপক কর্মসংস্থানের ব্যবস্থা করার সুপারিশ।

গ. **সমকাল :** সিলেটের পুকুর, দিঘী দখল ও টিলা কাটার ফলে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর ব্যবস্থা নেওয়ার পরামর্শ।

ঘ. **জনকণ্ঠ** : ঢাকার দিলু রোড়ের একটি আবাসিক ভবনে অগ্নিকান্ডের ঘটনায় দগ্ধ হয়ে শিশুসহ কয়েকজনের মৃত্যুর কথা উল্লেখ করে বহুতল ভবনগুলোতে যথাযথ অগ্নিনির্বাপন ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ** : পুলিশ সদর দপ্তরের হিসাব অনুযায়ী গত দুই বছরে সাত হাজার ৪৪৪ নারী ও শিশু ধর্ষণের শিকার হয়েছে উল্লেখ করে এ অবস্থার নিরসনে রাষ্ট্রের প্রতিরোধ ব্যবস্থার পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধির আহ্বান।

চ. **যুগান্তর** : চালের দামের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কথা উল্লেখ করে এর জন্য দায়ী সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ছ. **ভোরের কাগজ** : বিশ্বের ৫৬টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে করোনাভাইরাস উল্লেখ করে বিশ্বজুড়ে সর্বোচ্চ সতর্কতা বিশ্ব স্বাস্থ্য সংস্থা জারি করায় এ ব্যাপারে বাংলাদেশকে সতর্ক থাকার আহ্বান।

জ. **নিউজ টুডে :** বিদ্যুৎ ও পানির মূল্যবৃদ্ধির কথা উল্লেখ করে ভোক্তাদের জন্য এগুলোর দাম সহনীয় পর্যায়ে রাখতে সুবিবেচনার সুপারিশ।

ঝ. **ইন্ডিপেনডেন্ট** : বিদেশি পর্যটকদের বাংলাদেশে ভ্রমণে আগ্রহী করতে পর্যটনখাতকে আরও সমৃদ্ধ করার ওপর গুরুত্বারোপ।

ঞ. **সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আজকের শিশু আগামী দিনের সুনাগরিক, তাই শিশুর সুষম বিকাশের জন্য শারীরিক ও মানসিক উভয় দিকের প্রতি যত্ন নেয়া প্রয়োজন।

উপ-সম্পদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণের মধ্যেই স্বপ্নের সোনার বাংলার ভিত রচিত হয়েছিল।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'যানজট : রাজধানীর স্থায়ী জনদুর্ভোগ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, জনদুর্ভোগ ও অর্থনৈতিক ক্ষতির কথা মাথায় রেখে রাজধানীর যানজট নিরসনে দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা